

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৫৬

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৪

২৮ নভেম্বর ২০১৭

বিষয়: রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলাধীন "রাবেয়া ইদ্রিস মহিলা কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস বিষয় খোলার আবেদন।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা এর সুপারিশের প্রেক্ষিতে রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলাধীন "রাবেয়া ইদ্রিস মহিলা কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস বিষয় খোলার অনুমতি প্রদানে নিয়োক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- ক) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- খ) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- গ) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ঘ) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ঙ) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- চ) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- ছ) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।



২৮-১১-২০১৭

নাছিমা খানম

সিনিয়র সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৫৬/১(৬)

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৪

২৮ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) অধ্যক্ষ,



২৮-১১-২০১৭

নাহিমা খানম

সিনিয়র সহকারী সচিব